দৈনিক
ইত্তেফাক

তারিখ: ৯ JUL 2007
পৃষ্ঠা: ৫ কলাম: ৫

বিলাপ ৪২

অবিলম্বে বেতন প্রদানের নির্দেশ দিন

# শিক্ষক কর্মচারীদের জুন মাসের বেতন না দেয়া বিশেষ মহলে ষড়যন্ত্র

## –শিক্ষক কর্মচারী ঐক্যজোট

স্টাফ রিপোর্টার ঃ শিক্ষক-কর্মচারী ঐক্যজোট নেতৃবৃন্দ বেসরকারী শিক্ষক-কর্মচারীগণ জুন মাসের বেতনের সরকারী অংশ না পাওয়ায় দুঃখ প্রকাশ করে বলেছেন, একটি বিশেষ মহল সরকারকে বিতর্কিত করতে কৌশলে দেশের ৫ লাখ শিক্ষক-কর্মচারীর জুন মাসের বেতন আটকে দিয়েছে। গতকাল এক বিবৃতিতে তারা বলেন, শিক্ষকদেরকে যথাসময়ে বেতন প্রদানে সরকারের সদিচ্ছা থাকলেও ষড়যন্ত্রকারী কর্মকর্তারা মাসের পর মাস শিক্ষক-কর্মচারীদের বেতন প্রদানে বিলম্ব করে আসছেন। তাদেরই কারণে জনবল কাঠামোর নামে শিক্ষা প্রতিষ্ঠান এবং শিক্ষক-কর্মচারীদের হয়রানিতে ফেলে নিজেদের স্বার্থসিদ্ধি করে নিচ্ছে। নেতৃবৃন্দ এসব বিষয়ে শিক্ষা উপদেষ্টার সদয় ও সুচিন্তিত নির্দেশ কামনা করেছেন।

বিবৃতিতে স্বাক্ষর করেছেন ঐক্যজোটের সমন্বয়কারী সেলিম ভূইয়া, সহ-কেন্দ্রীয় নেতা কাজী আবদুর রাজ্জাক, প্রিন্সিপাল রেজাউল করীম, প্রিন্সিপাল আমিনুল ইসলাম, অধ্যাপিকা মনোয়ারা খাতুন, প্রিন্সি: মাহবুবুর রহমান মোল্লা, মোহাম্মদ আলী, মোঃ জাকির হোসেন ও